গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়
জয়পুরহাট জেলা কারাগার।
www.prison.joypurhat.gov.bd

স্মারক নং-৫৮.০৪.৩৮০০.১৩৩.০৩.০১৪.২৩- ৬৪৫/ তারিখঃ- ১৭ আশ্বিন, ১৪৩০
০২ অক্টোবর, ২০২৩

বিষয় ঃ **মাঠ পর্যায়ে ( জেলা ও বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ের ) সকল অফিসসমুহে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ফরমেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রণয়ন ও অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

বরাত ঃ ১. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২৩-৯৪১ তারিখ- ১২ জুলাই, ২০২৩।
২.বিভাগীয় দপ্তর, রাজশাহীর পত্র নং-৫৮.০৪.৮১০০.০৬৩.০৪.০১৮.২৩-২০৫৪(৮) তারিখ-১৯ জুলাই, ২০২৩।

বরাতোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জয়পুরহাট জেলা কারাগারের সেবা প্রদান প্রতিশ্রুতি ( Citizen's Charter ) হালনাগাদ তথ্য প্রণয়ন করে এতদসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ১. বর্ণনামতে........................... ০৫ ( পাঁচ ) পাতা।
২. প্রমাণক............................ ১৪ (চৌদ্দ) পাতা।

রীতেশ চাকমা
বিজে-০২৭১৯৯০০২২১
জেল সুপার
জয়পুরহাট জেলা কারাগার।
Email-joypurhatjail@gmail.com
২/১০/২৩

কারা উপ-মহাপরিদর্শক
রাজশাহী বিভাগ, রাজশাহী।

# সেবা প্রদান প্রতিশ্রুতি : (Citizen's Charter)

১। ( মিশন ও ভিশন

ভিশন: 'রাখিব নিরাপদ, দেখাব আলোর পথ'।

মিশন: বন্দিদের নিরাপদ আটক নিশ্চিত করা, কারাগারের কঠোর নিরাপত্তা ও বন্দিদের মাঝে শৃংখলা বজায় রাখা, বন্দিদের সাথে মানবিক আচরণ করা, যথাযথভাবে তাদের বাসস্থান, খাদ্য, চিকিৎসা এবং আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবিদের সাথে সাক্ষাৎ নিশ্চিত করা এবং একজন সুনাগরিক হিসেবে সমাজে পূনর্বাসন করার লক্ষে প্রয়োজনীয় প্রেষণা ও প্রশিক্ষণ প্রদান করা।

২। সেবা সমূহ:

২.১) নাগরিক সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবামূল্য | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী,ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | বন্দিদের আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের সাথে সাক্ষাতের ব্যবস্থা করণ;<br>(ক) সাধারণ হাজতী বন্দি | জেল সুপার বরাবর সরাসরি আবেদন পত্র দাখিলের পর, সাক্ষাতের ব্যবস্থা করা হয়। প্রতি ১৫ (পনের )দিন অন্তর সাক্ষাতের সুযোগ রয়েছে। | কারা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন দাখিল। | বিনামূল্যে | আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| | (খ) সাধারণ কয়েদী | জেল সুপার বরাবর সরাসরি আবেদনপত্র দাখিলের পর সাক্ষাতের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রতি ০১ (এক) মাস অন্তর সাক্ষাতের সুযোগ রয়েছে। | নির্ধারিত ফরমে আবেদন দাখিল। | বিনামুল্যে | আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| | (গ) ফাঁসির দন্ডপ্রাপ্ত বন্দি | জেল সুপার বরাবর সরাসরি আবেদনপত্র দাখিলের পর সাক্ষাতের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রতি ০১ (এক) মাস অন্তর সাক্ষাতের সুযোগ রয়েছে। | নির্ধারিত ফরমে আবেদন দাখিল। | বিনামুল্যে | আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| | (ঘ) ডিভিশন প্রাপ্ত বন্দি; | জেল সুপার বরাবর সরাসরি আবেদনপত্র দাখিলের পর সাক্ষাতের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রতি ১৫ (পনের) দিন অন্তর সাক্ষাতের সুযোগ রয়েছে। | ১। নির্ধারিত ফরমে আবেদন ।<br>২। প্রত্যেক সাক্ষাতপ্রার্থীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি ।<br>৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ।<br>৪। সাক্ষাত প্রার্থীদের মোবাইল নম্বর। | বিনামুল্যে | আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| | (ঙ) জঙ্গী, টপটেরর ও অন্যান্য স্পর্শকাতর বন্দী | জেল সুপার বরাবর সরাসরি আবেদন পত্র দাখিলের পর সাক্ষাতের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রতি ১(এক) মাস অন্তর সাক্ষাতের সুযোগ রয়েছে। | ১। নির্ধারিত ফরমে আবেদনপত্র।<br>২। প্রত্যেক সাক্ষাতপ্রার্থীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি।<br>৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।<br>৪। সাক্ষাত প্রার্থীদের মোবাইল নম্বর। | বিনামুল্যে | আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | (চ) ডিটেন্যু ও নিরাপদ হেফাজতী বন্দি | জেলা ম্যাজিস্ট্রেট/আদালতের অনুমোদনক্রমে জেল সুপার বরাবর সরাসরি আবেদন পত্র দাখিলের পর সাক্ষাতের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রতি ১৫ (পনের)দিন অন্তর সাক্ষাতের সুযোগ রয়েছে। | ১। সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট/ আদালতের অনুমোদনপত্র<br>২। নির্ধারিত ফরমে আবেদনপত্র। | বিনামুল্যে | আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| | (ছ) বন্দির আইনজীবির সাথে সাক্ষাতের ব্যবস্থা করণ; | জেল সুপার যৌক্তিক কারণে যে কোন সময়ের ব্যবধানে আইনজীবির সাথে সাক্ষাতের ব্যবস্থা করে দিতে পারেন। | নির্ধারিত ফরমে আবেদনপত্র। | বিনামুল্যে | আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| ২ | কারা ক্যান্টিনের মাধ্যমে বন্দির নিকট মালামাল/ পণ্যে প্রদানের ব্যবস্থা করণ; | বাহির কারা ক্যান্টিন থেকে বন্দির আত্মীয়-স্বজন মালামাল / পণ্য কিনে বন্দির নামে কারাভ্যন্তরে কারা কর্তৃপক্ষের মাধ্যমে পাঠাতে পারেন। কারাভ্যন্তরের কারা ক্যান্টিন থেকে বন্দি নিজে তার ব্যাক্তিগত ক্যাশে (PC) জমাকৃত টাকার মাধ্যমে প্রয়োজনীয় অনুমোদিত মালামাল/পণ্য ক্রয় করতে পারেন। | পি সি কার্ড | কারা ক্যান্টিন নীতিমালা অনুযায়ী নির্ধারিত মুল্যে | সর্বোচ্চ ০২ ঘন্টা | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| ৩ | বন্দির ব্যাক্তিগত ক্যাশ ( পিসি ) তে টাকা জমা গ্রহণ; | ভিতর কারা ক্যান্টিন থেকে প্রয়োজনীয় মালামাল/ পণ্য ক্রয়ের জন্য বন্দির আত্মীয় -স্বজন বন্দির পিসিতে টাকা জমা দিতে পারেন। টাকা জমা দানের পর প্রত্যেক জমাদানকারীকে রশিদ প্রদান করা হয় এবং বন্দির নামে জমাকৃত টাকা বন্দির পিসিতে জমা হয়। | নির্ধারিত ফরমে আবেদন | বিনামুল্যে | সর্বোচ্চ ৩০ মিনিট | ফারহানা আক্তার<br>জেলার<br>০১৭৬৯৯৭৫৫১<br>ও<br>রিজার্ভ প্রধান কারারক্ষী<br>০২৫৮৯৯১৫৫৮৮ |
| ৪ | বন্দির ওকালতনামা স্বাক্ষরকরণ; | বন্দির ওকালতনামা বাইরে সংরক্ষিত বক্সে জমা দিতে হয়। দায়িত্ব প্রাপ্ত ডেপুটি জেলারের কাছে সরাসরি জমা প্রদান করতে হয়। ওকালত নামায় সংশ্লিষ্ট বন্দির স্বাক্ষর গ্রহণের পর তা আবার ওকালতনামা জমাদানকারীর নিকট ফেরত প্রদান করা হয়। | সংশ্লিষ্ট উকিল এর কাছ থেকে প্রাপ্ত ওকালতনামা | বিনামূল্য | সর্বোচ্চ ০১ ঘন্টা | ফারহানা আক্তার<br>জেলার<br>০১৭৬৯৯৭৫৫১<br>ও<br>জনাব মোঃ বাবুল মিয়া<br>সর্বপ্রধান কারারক্ষী<br>ডেপুটি জেলার (ভারপ্রাপ্ত )<br>০২৫৮৯৯১৫৫৮৮<br>joypurhatjail@gmail.com |
| ৫ | বন্দিকে জামিনে মুক্তি/ খালাস প্রদান; | সংশ্লিষ্ট আদালতের মাধ্যমে বন্দির জামিননামা/ মুক্তিনামা আসলে তা যাচাই বাছাই পুর্বক বন্দিকে জামিনে মুক্তি / খালাস প্রদান করা হয়। প্রতিদিন কারা জামিনে মুক্তি/ খালাস পাবে তা পূর্বে তাদের নাম ডিসপ্লে বোর্ডে দেয়া হয়। | সংশ্লিষ্ট আদালতের মাধ্যমে প্রাপ্ত সঠিক জামিননামা/ মুক্তিনামা | বিনামূল্য | সর্বোচ্চ ০১ ঘন্টা তবে জামিননামা সংশোধনের বা সঠিকতা যাচাইয়ের প্রয়োজন হলে বিলম্ব হতে পারে | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>ও<br>ফারহানা আক্তার<br>জেলার<br>০১৭৬৯৯৭৫৫১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | তথ্য সরবরাহ করণ; | বন্দির আত্মীয়-স্বজন অথবা অন্য কোন ব্যাক্তির আবেদনের প্রেক্ষিতে বন্দির সাজা, কারাবাস, কারা ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য (যা কারা নিরাপত্তা বিঘ্নিত করবে না) সরবরাহ করা হয়। এক্ষেত্রে তথ্য অধিকার আইন অনুসরণ করা হয়। | নির্ধারিত ফরমে/ সাদা কাগজে আবেদন। | বিনামূল্যে; যেসব তথ্য সরবরাহে সরকারী অর্থ খরচ হয় ক্ষেত্রে নির্ধারিত অর্থ প্রদান করতে হয় । | ১-১৫ দিন | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| ৭ | কারা পণ্য বিক্রয়; | কারাভ্যন্তরে বন্দি প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রমের মাধ্যমে উৎপাদিত পণ্য সমূহ জনসাধারনের নিকট নির্ধারিত লাভে বিক্রয় করা হয়। | ---- | নির্ধারিত মূল্যে | তাৎক্ষণিক | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০ |
| ৮ | উপ- আনুষ্ঠানিক শিক্ষা; | কারাভ্যন্তরে নিরক্ষর বন্দিদের স্বাক্ষরতা অর্জন ও আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলতে কারা শিক্ষকের মাধ্যমে উপ-আনুষ্ঠানিক শিক্ষা সেবা প্রদান করা হয়। | নির্ধারত ফরমে আবেদন | বিনামুল্যে | বন্দির আবেদনের পরদিন হতে | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>জয়পুরহাট জেলা কারাগার।<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| ৯ | বোর্ড পরীক্ষা অংশগ্রহণের ব্যবস্থা করণ; | কারান্তরীন বন্দির মাধ্যমে যারা এস এস সি বা অন্যান্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কারাগারে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হয় । | নির্ধারত ফরমে আবেদন, আদালত ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন। | বিনামূল্যে | বোর্ড বা বিশ্ববিদ্যালয় কর্তৃক রুটিন অনুযায়ী | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>ও<br>ফারহানা আক্তার<br>জেলার<br>০১৭৬৯৯৭৫৫১ |

২.২) প্রাতিষ্ঠানিক সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবামূল্য | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী,ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | কারাগার পরিদর্শন | কোন সরকারি-বেসরকারি সংস্থা, আন্তর্জাতিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান কারাগার পরিদর্শন করতে চাইলে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সম্বোধন পূর্বক এ কারাগারে আবেদন করতে হয়। উক্ত আবেদনপত্র কারা অধিদপ্তরে মাধ্যমে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় ও কারা অধিদপ্তর কর্তৃক অনুমোদন সাপেক্ষে কারাগার পরিদর্শন করতে দেওয়া হয়। | মন্ত্রণালয়/কারা অধিদপ্তর কর্তৃক অনুমতিপত্র | বিনামূল্যে | অনুমতি পত্রে উল্লেখিত সময়ে | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| ২ | শিক্ষা ও গবেষণা ; | গবেষণা ও অন্যান্য শিক্ষা সংক্রান্ত বিষয়ে কারাভ্যন্তরে কাজের জন্য এ কারাগারে আবেদন করতে হয়। উক্ত আবেদনপত্র কারা অধিদপ্তরের মাধ্যমে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় ও কারা অধিদপ্তর কর্তৃক অনুমোদন সাপেক্ষে কারাগারে প্রবেশ করতে দেওয়া হয়। | মন্ত্রণালয়/কারা অধিদপ্তর কর্তৃক অনুমতিপত্র | বিনামূল্যে | অনুমোতি পত্রে উল্লেখিত সময়ে | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |

অভ্যন্তরীণ সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবামূল্য | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী,ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | বিভিন্ন প্রকার ছুটি মঞ্জুর | কর্মকর্তা-কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে অর্জিত ও শ্রান্তিবিনোদন ছুটি মঞ্জুর করা হয়। | নির্ধারিত ফরমে/সাদা কাগজে, যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। | বিনামূল্যে | আবেদন প্রাপ্তির পর সর্বোচ্চ ৩ দিন | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| ২ | চিকিৎসা সেবা প্রদান | কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কেউ অসুস্থ হলে তাৎক্ষনিকভাবে কারা হাসপাতালে চিকিৎসা প্রদান করা হয়। উন্নত চিকিৎসার প্রয়োজন হলে কারা হাসপাতালের চিকিৎসকের পরামর্শ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়। | --- | বিনামূল্যে | তাৎক্ষনিকভাবে | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |
| ৩ | পোষাক-পরিচ্ছদ প্রদান | পোশাক নীতিমালা অনুযায়ী কারা কর্মচারীদের কিট বহি মোতাবেক প্রাপ্যতা স্বাপেক্ষ্য পোষাক-পরিচ্ছদ প্রদান করা হয়। | কিট বই | বিনামূল্যে | কিট বহি জমাদানের পর সর্বোচ্চ ০৩ দিন | ফারহানা আক্তার<br>জেলার<br>০১৭৬৯৯৭৫৫১ |
| ৪ | পিআরএল ও পেনশন মঞ্জুরি প্রদান | কর্মকর্তা-কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক পিআরএল ও পেনশন মঞ্জুরি প্রদান করা হয়। | যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে। | বিনামূল্যে | আবেদন প্রাপ্তির পর সর্বোচ্চ ০৭ দিন | রীতেশ চাকমা<br>জেল সুপার<br>০১৭৬৯৯৭৫৫০<br>joypurhatjail@gmail.com |

**(৪ ) আপনার কাছে আমাদের প্রত্যাশা**

| ক্রমিক | প্রতিশ্রুতি/কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ০১ | স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ০২ | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফি পরিশোধ করা। |
| ০৩ | স্বাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা। |
| ০৪ | সঠিক ঠিকানা প্রদান। |
| ০৫ | আবেদনে নাম ঠিকানা স্পষ্ট করে উল্লেখ করা। |
| ০৬ | নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা। |

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)

| ক্র | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান করতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | জনাব মোঃ কামাল হোসেন<br>কারা উপ-মহাপরিদর্শক<br>রাজশাহী বিভাগ, রাজশাহী<br>মোবাইল-০১৭৬৯৯৭০৪০০<br>Email: digprisonsraj@gmail.com | ৩০ কার্যদিবস ( সাধারণ ৪০ কার্যদিবস তদন্তের উদ্যোগ গৃহীত হলে ) |
| ০২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | জনাব এএসএম আনিসুল হক<br>ব্রিগেডিয়ার জেনারেল<br>কারা মহাপরিদর্শক<br>বাংলাদেশ,ঢাকা।<br>৫৭৩০০৪৪৪<br>Email: ig@prison.gov.bd | ২০ কার্যদিবস |
| ০৩ | আপীল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | সচিব<br>সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | জনাব ফারজানা সিদ্দিকা<br>উপ-সচিব<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>সুরক্ষা সেবা বিভাগ<br>কারা-২<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ৬০ কার্যদিবস |

রীতেশ চাকমা
বিজে-০২৭১৯৯০০২২১
জেল সুপার
জয়পুরহাট জেলা কারাগার।